# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**

***Ref:*** ***Date:*** ১২ এপ্রিল ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## বৈ-সা-বি ও বাংলা নববর্ষে ইউপিডিএফ-এর শুভেচ্ছা

### ফ্যাসিস্ট শাসনামলের মতোই নিরাপত্তাহীনতা ও অনিশ্চিয়তায় বৈসাবি উৎসব

### শাসকগোষ্ঠীর লেজুড়দের জীর্ণ পত্র-পল্লবের মতো ছুঁড়ে ফেলে জাতীয় ঐক্য গড়ে তুলতে হবে

পার্বত্য চট্টগ্রামের প্রধান ও বৃহৎ সামাজিক উৎসব বৈ-সা-বি (বৈসুক-সাংগ্রাই-বিঝু-বিহু...) ও পহেলা বৈশাখ বাংলা নববর্ষ উপলক্ষে প্রদত্ত এক শুভেচ্ছা বার্তায় ইউপিডিএফ সভাপতি প্রসিত খীসা পার্বত্যবাসী, প্রবাসী জুম্মো ও দেশের জনগণের জীবনে নিরাপত্তা, সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন।

আজ শনিবার (১২ এপ্রিল ২০২৫) ফুল বিঝুর দিনে সংবাদ মাধ্যমে প্রদত্ত এক দীর্ঘ বার্তায় ইউপিডিএফ নেতা বলেছেন, ‘ফ্যাসিস্ট হাসিনার পতনের পরও দেশে এবং বিশেষ করে পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতির ইতর বিশেষ পরিবর্তন হয়নি। অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পরে পরেই দেশে উগ্র সাম্প্রদায়িক জঙ্গী মৌলবাদী গোষ্ঠীর বিষাক্ত ফণা তোলা এবং সেপ্টেম্বর ও অক্টোবরে খাগড়াছড়ি ও রাঙ্গামাটিতে সেনা-সেটলারের যৌথ হামলা, হত্যাকাণ্ড ও ব্যাপক লুটতরাজের ফলে বৌদ্ধদের অন্যতম প্রধান ধর্মীয় অনুষ্ঠান কঠিন চীবর দান হতে পারেনি। পাহাড়ি জনগণের মনে তা নিরাপত্তাহীনতা ও অনিশ্চয়তার এক গভীর ছাপ ফেলেছে।’

ফ্যাসিস্ট শাসনামলের মতোই অন্তর্বর্তীকালীন সরকারের আমলেও নিরাপত্তাহীনতা ও এক অনিশ্চিয়তার মাঝে পার্বত্যবাসীকে বৈসাবি উৎসবে সামিল হতে হচ্ছে বলে ইউপিডিএফ নেতা মন্তব্য করেছেন।

পার্বত্য চট্টগ্রামে পাহাড়ি জনগণের জাতীয় অস্তিত্ব গুরুতর হুমকির সম্মুখীন বলে গভীর উদ্বেগ প্রকাশ করে ইউপিডিএফ নেতা প্রদত্ত বার্তায় আরও বলেন, ঋতু পরিবর্তনের সাথে জীর্ণ পত্রপল্লব ঝেড়ে ফেলে বৃক্ষ যেমন নতুন সাজে সজীব হয়ে ওঠে, তেমনি পার্বত্যবাসীকেও অস্তিত্ব রক্ষার্থে বিগত দিনের সকল ভ্রান্তি, দুর্বলতা ও ব্যর্থতা দূর করে এবং সময়ের দাবিতে শাসকগোষ্ঠীর চিহ্নিত লেজুড় দালাল জাতীয় স্বার্থবিরোধী প্রতিক্রিয়াশীল গোষ্ঠীসমূহকেও ছুঁড়ে ফেলে জাতীয়ভাবে ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন জোরদার করতে হবে।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।